



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কুমিল্লা আঞ্চলিক কার্যালয়



বিষয় : জানুয়ারি - মার্চ ২০২৩ মাস পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রমের স্বচিত্র প্রতিবেদন।

জেলা প্রশাসক ও প্রধান শিক্ষকের সাথে সৌজন্য সাক্ষাত :

১০ জানুয়ারি ২০২৩ তারিখ গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যগণ (আঞ্চলিক কমিশনার, আঞ্চলিক ট্রেজারার ও সেক্রেটারী, আঞ্চলিক ট্রেনার এবং সহযোগী কোষাধ্যক্ষ, জাতীয় কার্যালয়) জেলা প্রশাসক, কুমিল্লা ও প্রধান শিক্ষক, নবাব ফয়জুল্লাহ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বাদুরতলা, আদর্শ সদর, কুমিল্লা'র সাথে সৌজন্য সাক্ষাত করেন।



চিত্র : জেলা প্রশাসক, কুমিল্লা ও প্রধান শিক্ষকের সাথে সৌজন্য সাক্ষাত।

গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ :

০৫-০৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার বেগম আমেনা সুলতান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কুমিল্লা জেলার বিভিন্ন উপজেলার (হোমনা, মেঘনা, তিতাস ও দাউদকান্দি) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৭ জন শিক্ষাকাদের ০৫ দিনব্যাপী গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফারহানা হক, উপসচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাক্তন আঞ্চলিক কমিশনার, কুমিল্লা গাইড অঞ্চল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মহিনুল হাসান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, দাউদকান্দি, কুমিল্লা ও জনাব মোঃ আবদুল মান্নান, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব রোকসানা ফেরদৌস মজুমদার, গাইড জেলা কমিশনার, কুমিল্লা ও প্রধান শিক্ষক, গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, কোটবাড়ী, সদর দক্ষিণ, কুমিল্লা।



চিত্র : গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ, দাউদকান্দি, কুমিল্লা।

দীক্ষাদান :

২৫ জানুয়ারি ২০২৩ তারিখ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার নুরুন্নাহার বালিকা উচ্চ বিদ্যালয়ের ৭০ জন ও ভূবনঘর নহল এ.বি.এম উচ্চ বিদ্যালয়ের ৫০ জনসহ মোট ১২০ জন গাইডের টেভারফুট পরীক্ষা গ্রহণ করা হয়। পরীক্ষা শেষে দীক্ষাদান নূরুন নাহার, ট্রেইনার, কুমিল্লা অঞ্চল।

৯ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ বেগম আমেনা সুলতান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৪০ জন মেয়েদের টেভারফুট পরীক্ষা শেষে দীক্ষা প্রদান করা হয়। দীক্ষাদান ট্রেইনার নূরুন নাহার।

১৫ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ পাঁচপুকুরিয়া বাজার উচ্চ বিদ্যালয়, বাঁশকাইট পীতেশ্বর জুবিলী উচ্চ বিদ্যালয় এবং উড়িশ্বর গার্লস হাই স্কুলে (৬৩+৪০+৪৩) = ১৪৬ জন মেয়েদের টেভারফুট পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়। দীক্ষাদান অনুষ্ঠানে প্রতিষ্ঠানের প্রধানগণ উপস্থিত ছিলেন। দীক্ষাদান আঞ্চলিক ট্রেইনার মোসাম্মৎ নূরুন নাহার।

১৮ মার্চ ২০২৩ তারিখ নোয়াখালী জেলা গাইড ক্যাম্পে ১৪৭ জন মেয়েদের টেভারফুট পরীক্ষা গ্রহণ শেষে দীক্ষাদান নোয়াখালী জেলার জেলা গাইড কমিশনার নসরত জাহান বেগম।

২১ ফেব্রুয়ারি ২০২৩ উদ্বাপন :

২১ ফেব্রুয়ারি ২০২৩ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্বাপন উপলক্ষে কুমিল্লা গাইড অঞ্চলের পক্ষ থেকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অর্পণ করেন অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, স্থানীয় গাইড কমিশনার, ট্রেইনার, গাইডার ও রেঞ্জারসহ অন্যান্যরা।



চিত্র : ২১ শে ফেব্রুয়ারি ২০২৩ উদ্বাপন।

৪র্থ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির ৩য় সভা :

অদ্য ২৪ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ কুমিল্লা গাইড অঞ্চলের ৪র্থ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির ৩য় সভা মালেকা মমতাজ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। সভা সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা গাইড অঞ্চল ও অসরপ্রাপ্ত যুগ্মসচিব।



চিত্র : ৪র্থ আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির ৩য় সভার খন্ডচিত্র।

কোম্পানী ডে-ক্যাম্প :

৪ মার্চ ২০২৩ তারিখ আওয়ার লেডী অব ফাতিমা গার্লস হাই স্কুল, আদর্শ সদর, কুমিল্লায় দিনব্যাপী কোম্পানী ডে-ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ডে-ক্যাম্পে ৫২ জন গাইড অংশগ্রহণ করেন।

নারী দিবস ২০২৩ :

০৮ মার্চ ২০২৩ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, কুমিল্লা অঞ্চল ও নারী ফোরামের উদ্যোগে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



চিত্র : আন্তর্জাতিক নারী দিবস ২০২৩ এর আলোক চিত্র।

জাতীয় পরিষদ অধিবেশন ২০২৩ :

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের ৪৪তম জাতীয় পরিষদ অধিবেশন ০৯-১২ মার্চ ২০২৩ ঢাকাস্থ জাতীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে কুমিল্লা গাইড অঞ্চল হতে ২৭ জন কাউন্সিলার অংশগ্রহণ করেন।



চিত্র : ৪৪তম জাতীয় পরিষদ অধিবেশন, ২০২৩ এর আলোকচিত্র।

১৭ মার্চ জাতীয় শিশু দিবস :

কুমিল্লা গাইড অঞ্চলের উদ্যোগে জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন করা হয়।



চিত্র : জাতীয় শিশু দিবস ২০২৩ এর আলোক চিত্র।

গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ :

১৮-২২ মার্চ ২০২৩ তারিখ কুমিল্লা গাইড অঞ্চলের উদ্যোগে নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে ০৫ দিনব্যাপী নোয়াখালী জেলার ৪টি উপজেলার (চাটখীল, সেনবাগ, কোম্পানীগঞ্জ ও বেগমগঞ্জ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন গাইডারদের (শিক্ষিকা) মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব দেওয়ান মাহবুবুর রহমান, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী ও বিশেষ অতিথি ছিলেন জনাব নূর উদ্দিন মোঃ জাহাঙ্গীর, জেলা শিক্ষা কর্মকর্তা, নোয়াখালী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন নসরত জাহান বেগম, গাইড জেলা কমিশনার, নোয়াখালী।



চিত্র : ১৮-২২ মার্চ ২০২৩ তারিখ পর্যন্ত নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ